**RBI/2006-07/92**

এ.পি. ( ডি-আই-আর সিরিজ ) বিজ্ঞপ্তি নং. ৪

জুলাই ২৮, ২০০৬

সমস্ত শ্রেণী -১ অধিকারপ্রাপ্ত কারবারী ব্যাংকগুলির প্রতি

মহাশয়া /মহাশয়,

**ডেরিভেটিভ সেগমেন্টে লেনদেনের জন্যে বিদেশি সংস্থাগত বিনিয়োগকারী [ফরেন ইন্স্টিট্যুশানাল ইনভেস্টরস্ (এফ আই আই)] দ্বারা অতিরিক্ত জামানত রাখা**

সময়ে সময়ে সংশোধিত,২০০৪ সালের ৭ জুলাই তারিখে বিজ্ঞাপিত বিজ্ঞপ্তি নং FEMA 120/ RB-2004 পরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট (কোন বিদেশি সিকিউরিটি হস্তান্তর বা বাজারে ছাড়া) অ্যাক্ট, ২০০৪ এবং ২০০০ সালের ৩ মে তারিখে বিজ্ঞাপিত বিজ্ঞপ্তি নং ফেমা ২০ / ২০০০-আর বি বিদেশী মুদ্রাবিনিময় নিয়ন্ত্রণ ( কোন অনাবাসী ভারতীয় দ্বারা কোন সিক্যুরিটি হস্তান্তর বা ইস্যু ) নিয়ম,২০০০-এর প্রতি সমস্ত শ্রেণী-১- অধিকারপ্রাপ্ত কারবারী ব্যাংকের (এ ডি) দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

২। ভারত সরকার ও ভারতীয় সিক্যুরিটিস এবং একচেঞ্জ বোর্ডের (এস ই বি আই) সংগে আলোচনা করে ঠিক হয়েছে যে, ডেরিভেটিভ্ সেগমেন্টে লেনদেননের জন্যে ভারতীয় স্টক একচেঞ্জের কাছে এফ আই আইস-র এ এ এ শ্রেণীর সার্বভৌম বৈদেশিক সিক্যুরিটিস গ্রহণকরার ব্যাপারে অনুমতি দেওয়া হবে। এ ব্যাপারে এস ই বি আই কাজ চালানোর নির্দেশনামা পৃথকভাবে দেবে। অতঃপর ভারতীয় স্টক একচেঞ্জ বিদেশী মুদ্রাবিনিময় নিয়ন্ত্রণ ,১৯৯৯ আইনে প্রয়োজন হলে, সুনির্দিষ্ট সম্মতির জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংকর বিদেশী মুদ্রাবিনিময় বিভাগের কেন্দ্রীয় দপ্তর ,মুম্বাই ৪০০০০১-এর দ্বারস্থ হতে পারে।

৩। ২০০০ সালের ৩ মে তারিখে বিজ্ঞাপিত বিজ্ঞপ্তি নং ফেমা ২০ / ২০০০-আর বি বিদেশী মুদ্রাবিনিময় নিয়ন্ত্রণ (কোন অনাবাসী ভারতীয় দ্বারা কোন সিক্যুরিটি হস্তান্তর বা ইস্যু) নিয়ম, ২০০০-এর প্রয়োজনীয় সংশোধনী পৃথকভাবে জারি করা হবে।

৪। এ ডি ব্যাংকগুলি তাদের অংগব্যাংক ও সংশ্লিষ্ট গ্রাহকদের এই সারকুলারের বিষয়বস্তু দৃষ্টিগোচর করতে পারেন।

৫। ১৯৯৯ (১৯৯৯ এর ৪২ )-এর বিদেশী মুদ্রাবিনিময় নিয়ন্ত্রণ আইনের ১০ (৪ ) ও ১১ (১ ) অনুচ্ছেদর অধীনে এই সারকুলারের নির্দেশাবলী জারি করা হল যাহা অন্য কোন আইনের সম্মতি / অনুমোদনের প্রয়োজনীয়তা, যদি দরকার হয়, বিঘ্নিত করবে না।

ইতি ভবদীয়

**সালিম গঙ্গাধরন**
**চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ**